



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৫৩

তারিখ: ৬ পৌষ ১৪২৭

২১ ডিসেম্বর ২০২০

বিষয়: নারায়নগঞ্জ জেলার কানাইনগর ছোবাহানিয়া স্কুল এন্ড কলেজের জনাব মো: আমজাদুল করিম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) তদন্ত সাপেক্ষে এমপিওভুক্তির অভিযোগ তদন্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার কানাইনগর ছোবাহানিয়া স্কুল এন্ড কলেজের জনাব মো: আমজাদুল করিম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) তদন্ত সাপেক্ষে এমপিওভুক্তির অভিযোগের প্রেক্ষিতে মাউশি থেকে গত ২৮/০৭/২০২০ খ্রি. তারিখে উপপরিচালক(কলেজ), ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। স্মারক নং মাউশি/ঢাঅ/সেসিপ/২০১৭/১১৮১ তারিখ : ২৭/১০/২০২০ খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত প্রতিবেদন : কানাইনগর ছোবাহানিয়া স্কুল এন্ড কলেজের সংশ্লিষ্ট রেকর্ড অনুযায়ী স্কুল শাখা ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কলেজ শাখা খোলা হয়। ০১/০১/২০১৬ সাল থেকে স্বীকৃতি লাভ করে। কলেজ স্তর ০১/০৭/২০১৯ খ্রি. হতে এম.পি.ও ভুক্ত হয়। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক পদে নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র অনুযায়ী কলেজ স্তরে ২০১৩ সালে প্রথমে শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রক্রিয়া শুরু করে। গভর্নিং বডির ২৭/০৪/২০১৩ খ্রি. অনুষ্ঠিত ১১/১৩ নং সভায় কলেজ শাখায় শিক্ষক-কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত ও সাক্ষাৎকার বোর্ড গঠন করা হয়। ০৬/০৫/২০১৩ খ্রি. দৈনিক ইত্তেফাক পত্রিকায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি সহ বিভিন্ন বিষয়ে শিক্ষক ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হয়। ২২/০৬/২০১৩ খ্রি. শিক্ষক-কর্মচারীদের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। নিয়োগ পরীক্ষায় একাডেমিক সনদ, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে চূড়ান্ত ফলাফল তৈরি করা হয়। অধ্যক্ষ কর্তৃক সরবরাহকৃত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে দেখা যায় জনাব মো: আমজাদুল করিম সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছেন এবং নিয়োগ কমিটি তাকে নিয়োগের সুপারিশ করেন। গভর্নিং বডির ২৭/০৬/২০১৩ খ্রি. তারিখের সভায় শিক্ষক-কর্মচারী নিয়োগের অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব মো: আমজাদুল করিমকে নিয়োগপত্র প্রদান করা হয়েছিল এবং উক্ত নিয়োগপত্র হারিয়ে গেছে সাধারণ ডায়েরীর(নারায়নগঞ্জ সদর মডেল থানা জি.ডি নং ৪২২ তারিখ : ১৪/০৭/২০২০ খ্রি.) কপি উপস্থাপন করেছেন। কিন্তু নিয়োগকৃত পদে যোগদান করার কোন রেকর্ড উপস্থাপন/সরবরাহ করতে পারেননি। শিক্ষক হাজিরা বহি অনুযায়ী ০১/০৭/২০১৩ খ্রি. হতে হাজিরা বহিতে শিক্ষক মন্ডলীর স্বাক্ষর রয়েছে। জনাব মো: আমজাদুল করিমের হাজিরা খাতায় কোনো স্বাক্ষর নাই। তার অভিযোগ অনুযায়ী তাকে যোগদান করতে দেয়া হয়নি এবং এ সম্পর্কে কোথাও কোন প্রতিকার চাননি কিংবা কোন অভিযোগ দাখিল করেননি। জনাব করিমের বক্তব্য মোতাবেক তিনি আগস্ট, ২০১৩ খ্রি. হতে ডিসেম্বর, ২০১৩ খ্রি. পর্যন্ত সোনারগাঁ নলেজ কিং কলেজ, সোনারগাঁ, নারায়নগঞ্জ এ প্রভাষক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে খন্ডকালীন চাকরি করেন। পরবর্তী সময়ে উক্ত কলেজ ত্যাগ করে তিনি ০১/০৩/২০১৭ খ্রি. সিরাজউদ্দিন সরকার বিদ্যালয়কেন্দ্র এন্ড কলেজ, টাঙ্গী, গাজীপুর এ প্রভাষক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) পদে যোগদান করেন এবং বর্তমানেও কর্মরত আছেন। অভিযোগ সম্পর্কে অধ্যক্ষ জনাব মো: আমজাদ হোসেনের লিখিত বক্তব্য অনুযায়ী জনাব মো: আমজাদুল করিম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে নির্বাচিত হয়ে নিয়োগপত্র পেয়েছিলেন কিন্তু নিয়োগপত্রের শর্তানুযায়ী তিনি ০১/০৭/২০১৩ খ্রি. ইং তারিখের মধ্যে যোগদান করেননি। ০১/০৭/২০১৩ হইতে ২০২০ সাল পর্যন্ত ০৭ বছর প্রায় অতিবাহিত হলেও তিনি কোন অভিযোগ করেন নাই। শুধুমাত্র এমপিও ভুক্ত হইবার জন্য লোভের বশবর্তী হইয়া উক্ত অভিযোগ দাখিল করেন। তার বিরুদ্ধে আনিত সকল অভিযোগ কল্পনা প্রসূত, ভিত্তিহীন ও হীন মানসিকতার বহিঃপ্রকাশ বলে তিনি(অধ্যক্ষ) অভিহিত করেছেন।

তদন্ত কর্মকর্তার মন্তব্য : জনাব মো: আমজাদুল করিম কানাইনগর ছোবাহানিয়া স্কুল এন্ড কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ২২/০৬/২০১৩ খ্রি. নিয়োগ পরীক্ষায় নির্বাচিত হয়েছিলেন কিন্তু উক্ত পদে যোগদান করার কোন রেকর্ড পাওয়া যায়নি বিধায় সাত বছর পর তার যোগদান ও এমপিও ভুক্ত হওয়ার কোন সুযোগ নাই।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামতটি নির্দেশক্রমে সকলকে অবহিত করা হলো।

২১-১২-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

জনাব মো: আমজাদুল করিম, অভিযোগকারী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৫৩/১(৩)

তারিখ: ৬ পৌষ ১৪২৭

২১ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ২) অধ্যক্ষ, কানাইনগর ছোবাহানিয়া স্কুল এন্ড কলেজ, নারায়নগঞ্জ;
- ৩) সংরক্ষণ নথি।

৯৫৫৫

২১-১২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক